



# বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি

EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH

(প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়ন ও সহযোগিতাই আমাদের লক্ষ্য)

সূত্র নং. EDSB/ HOUSING/1/2015

তারিখ ২৮শে জুন ২০১৪

বরাবর,

মাননীয় প্রধানমন্ত্রী,  
প্রধানমন্ত্রীর সচিবালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তেজগাঁও, ঢাকা, বাংলাদেশ।

প্রধানমন্ত্রীর কার্যালয়  
ঢাকা গ্রহণ ও বিতরণ পত্র  
ইতিমধ্যে বাতিল  
তারিখ : ২৮/৬/১৪  
সংখ্যা : ২৮/৬/১৪

বিষয় : ইতালীয়ান ভিসা প্রসেসিং সেন্টার কর্তৃক ইতালী অভিবাসী ভিসা প্রত্যাশীদের সাথে সংঘবদ্ধ ও পরিকল্পিত ভাবে হয়রানী ও বাধ্য করে অর্থ প্রতারণা করার অভিযোগ।

২০০৮ সালে হতে ঢাকায় ইতালী দূতাবাস তাদের ভিসার আবেদন জমা গ্রহণ ও ডকুমেন্ট ট্রান্সলেশন ও লিগালাইজেশনের কাজ VFS BANGLADESH PVT LTD (যারা VFS GLOBAL নামে পরিচিত) নামের একটি বিদেশী কোম্পানীকে নিয়োগ প্রদান করে। এই সমিতির প্রতিষ্ঠাতা ও সদস্যদের অনেকেই ইতালী প্রবাসী হবার দরুন ইতালী প্রবাসীদের সমস্যা এই সমিতি নজরদারী করে আসছে। সেই হিসাবে VFS GLOBAL এর কর্মকান্ড শুরু থেকেই আমাদের অবজারভেশনের মধ্যে আছে।

২০০৯ সালের ৩রা ফেব্রুয়ারী ইতালীয়ান দূতাবাসের কাছে অভিযোগ করা পরেও কোন প্রতিকার না পেয়ে ১৯শে ফেব্রুয়ারী আপনার সমীপে আমরা VFS GLOBAL এর কাজের অব্যবস্থাপনা, অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে ২০০৯ সালের ফেব্রুয়ারী মাসে একটি প্রতিবেদন প্রদান করেছিলাম। (সংযুক্ত নং : ১ দেখুন)।

বিগত ৫ বছরের বেশীর সময় এই প্রতিষ্ঠানের কর্মকান্ড অত্যন্ত ন্যাকারজনক হিসাবে আমাদের সামনে প্রতিয়মান হয়েছে। কিন্তু একটি বিদেশী রাষ্ট্রের দূতাবাসের সরাসরি তত্ত্ববধানে পরিচালিত হবার কারণে প্রতি পদে পদে দূতাবাসের দোহাই দিয়ে তারা জনগনকে প্রতারণা করে আসছে। ইতালীর রাষ্ট্রীয় আইনী নীতিমালায় কোন অবস্থাতেই জনগনের টাকা দালাল দ্বারা আত্মসাৎ করানের কোন বৈধতা নেই। যা ইতালীয় আইনের কাছে দণ্ডনীয়।

এই বিষয়ে ইতালীর ঢাকাস্থ দূতাবাসের সকল কর্মকর্তা, ইতালী পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছে বারবার আমরা অভিযোগ করে ব্যর্থ হয়েছি। ইতালীতে আমাদের অভিযোগ করাটা

Head office : Expatriates Development Society of Bangladesh, Section 6, Block D, Road nr.8 House 13, Mirpur, Dhaka 1216, Bangladesh 1216. Email : [probashi@italbangla.net](mailto:probashi@italbangla.net)

Tel. +88 0171 5063157 / 0171 1815819 / 0171 4388005



# বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি

EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH

(প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়ন ও সহযোগিতাই আমাদের লক্ষ্য)

হয়তো অনেকটা “আদার ব্যাপারী জাহাজের খবর নেবার মত” অথবা অশিক্ষিত মুরুক্ষ ইমিগ্রান্ট তাদের জ্ঞান দিতে আসার মত। এমত অবস্থায় বিগত ৫টি বছর এই সমস্যার বিষয়ে আমাদের লিখিত প্রতিবাদের পরেও অবস্থার কোন পরিবর্তন হয় নাই। বর্তমানে ইতালীতে বাংলাদেশী ইমিগ্রান্টদের বিশাল একটা অংশ ইতালীয়ান নাগরিকত্ব পাবার সুবাদে আমাদের আইনী অবস্থান অনেকটা সু সংহত, তাই আমরা এখন যে কোন প্রশাসনিক বেআইনী বৈষম্যমূলক কর্মকাণ্ড বিরুদ্ধে সকল প্রকার লড়াইয়ে প্রস্তুত বিধায় ইতালীয়ান দূতাবাসের অনুমোদিত ভিসা প্রসেসিং সার্ভিস প্রদানে VFS GLOBAL সকল অপকর্ম ফাস করার প্রয়াসে আমরা এগিয়ে এসেছি। আশা করি আপনি আমাদের এই প্রচেষ্টাটিকে সফল করতে সকল সহযোগীতা প্রদানে এগিয়ে আসবেন।

বিগত ৪টি বছরে VFS GLOBAL এদেশের ইতালী ভিসা প্রত্যাশীদের সাথে যে ভয়াবহ প্রতারনার ঘটনা ঘটিয়েছে তার চিত্র আমরা উৎখাটন করেছি যা আপনার সামনে তুলে ধরছি :

- ২০১২ সালে ইতালী সিজনাল কাজের শ্রমিক, স্কিল্ড ও সেমি স্কিল্ড ট্রেইনী শ্রমিক ও পারিবারিক রিইউনিফিকেশন ভিসা পাবার জন্য প্রতিদিন অন্তত ২০০-৩০০ ভিসা প্রত্যাশী বাংলাদেশী নাগরিক ভিসার আবেদন জমার জন্য উক্ত প্রতিষ্ঠানের শ্রমরূপন হয়। এত মানুষের চাপ সামলাতে VFS GLOBAL কর্তৃপক্ষ আবেদনকারীদের সুবিধার্থে online registration ও appointment সিসটেম চালু করে। যার ইন্টারনেটের ঠিকানা লিনক হল : <http://www.vfsglobal-it-bd.com/>
- ইতালীতে রেসিডেন্ট অভিবাসী ভিসা প্রত্যাশী যেমন সিজনাল ওয়ার্ক ভিসা, ডোমেস্টিক জব ভিসা, স্কিল্ড ওয়ার্কার ভিসা ও পারিবারিক রিইউনিফিকেশন ভিসা যা অভিবাসী ভিসা হিসাবে গন্য হয় ও যার আবেদনকারী হিসাবে রেজিস্ট্রেশন বাধ্যতামূলক, সুতরাং এই online web site এ ভিসা আবেদনকারীর পাসপোর্ট এ ব্যক্তিগত তথ্য যেমন নাম, জন্মতারিখ, পাসপোর্ট নাম্বার, ইমেইল আইডি ও মোবাইল ফোন নাম্বার সহ তথ্য নিবন্ধন করতে হয়। নিবন্ধন সম্পন্ন করার পরে তা সেভ করা হয়। সেভ করার সাথে সাথে সয়ংক্রিয়ভাবে নতুন এটা পাতা খোলে যেখানে নিবন্ধনের সময় যে ইমেইল আইডি ও মোবাইল ফোন নাম্বার সেভ করা হয়েছিল সেটা login id হিসাবে প্রবেশ করিয়ে নিচে বোতামে ক্লিক করলে একটি নতুন পাতা খোলে যেখানে চলতি মাসের ক্যালেন্ডার পাতা থাকে।
- উক্ত ক্যালেন্ডারে কোন তারিখ পাওয়া যায় গেলে পারের মাসে তারিখ দেখার জন্য বোতামে ক্লিক করে পরের মাসের পাতা খোলা যায়। সেই ক্যালেন্ডারে যে তারিখগুলোতে এপয়েন্টমেন্ট খালি আছে তা সবুজ রং এর থাকবে। একটি তারিখ নির্ধারন করে সেই তারিখের উপর ক্লিক করলে একটি সময়ের পাতা (Timetable) খুলবে। তারিখ ও সময় নির্ধারন করা হলে সেটা সেইভ করতে হবে। সাথে সাথে ওয়েব পেজে আপনার ব্যক্তিগত তথ্য সহ এপয়েন্টমেন্টের



# বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি

EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH

(প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়ন ও সহযোগিতাই আমাদের লক্ষ্য)

তারিখ ও সময় সহ একটা পাতা খুলবে। সেখানে কত তারিখে, কোন সময় আবেদন জমা করা যাবে তা উল্লেখ্য থাকে। ঐ এপয়েন্টমেন্ট সিডিউলটি যা আবেদকারী সেভ করে রাখতে পারে এবং প্রিন্ট করে সংরক্ষণ করতে পারে। পরবর্তিতে ঐ নির্দিষ্ট তারিখে VFS GLOBAL এর ইতালী ভিসা প্রসেসিং এন্ড লিগালাইজেশন সেন্টারে গিয়ে জমা করা যায়।

- ONLINE APPOINTMENT সার্ভিস সম্পূর্ণ বিনা মূল্যে প্রদান করা হয়।
- VFS GLOBAL আবেদন জমা ও প্রসেসিং এর জন্য একটি নির্দিষ্ট টাকা সার্ভিস ফি হিসাবে গ্রহন করে।
- ভিসার জন্য দূতবাসের আলাদা নির্ধারিত ফি VFS GLOBAL এ আবেদন জমা করার সময় নিয়ে নেয়।

২০০৮ সাল হতে যে কেহ ভিসার জন্য ইতালীয়ান দূতবাসে গেলে সেখান থেকে VFS GLOBAL এর ঠিকানা দিয়ে তাদের অফিসের মাধ্যমে আবেদন জমা করার জন্য বলে দেয়া হয়। শুরু হতেই VFS GLOBAL এর কাজের অব্যবস্থাপনা, অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে ইতালীয়ান দূতবাসে ও পরবর্তিতে সপনার সমিটে ২০০৯ সালের ফেব্রুয়ারী মাসে একটি প্রতিবেদন প্রদান করেছিলাম। (সংযুক্ত নং : ১ দেখুন)

২০১২ সাল হতে VFS GLOBAL PRIVATE LIMITED অনলাইনে আবেদন জমার এপয়েন্টমেন্ট এর ব্যবস্থা চালু করেছে।

এই ব্যবস্থা চালু হবার পর হতেই যে কোন আবেদন কারী VFS GLOBAL অফিসে ভিসা আবেদনের জন্য প্রবেশ করলে তাকে অনলাইনে ভিসা জমার এপয়েন্টমেন্ট নিয়ে আসার জন্য নির্দেশনা প্রদান করা হয়। চাইলে যে কেহ ইন্টারনেটে রেজিস্ট্রেশন নিজে নিজেই করতে পারে। উপরে বর্ণিত পদ্ধতিতে এপয়েন্টমেন্টে সেভ করে প্রিন্ট করে নির্ধারিত সময়ে আবেদন VFS GLOBAL এর মাধ্যমে দূতবাসে জমা করা যায়।

## পরিকল্পিত দুরভোগ আর হয়রানী :

আবেদন কারী বেশীর ভাগ ঢাকার বাইরের বিভিন্ন জেলা উপজেলা গ্রাম হতে আসেন। যারা দূর দুরান্ত হতে ঢাকায় আসেন ইতালী যাবার ভিসার ক্লিয়ারেন্স তথা নুল্য অস্তা নিয়ে, এর ৯৯% আবেদনকারী যারা ইন্টারনেট ব্যবহারে অভ্যস্ত নয়। তাদের ফেলা হয় এক মহা বিপাকে। ইন্টারনেটে কে বা কাহারো আবেদন করিয়ে দিতে পারবে তার খোজে চলে উৎকর্ষ। VFS GLOBAL ইতালীয়ান ভিসা আবেদন কেন্দ্রর আসে পাসেই পেয়ে যাবেন অজস্র দালাল যারা আপনাকে টাকার বিনিময়ে এপয়েন্টমেন্ট পাইয়ে দিতে প্রস্তুত। প্রশ্ন হচ্ছে কত টাকা প্রয়োজন!

Head office : Expatriates Development Society of Bangladesh, Section 6, Block D, Road nr.8 House 13, Mirpur, Dhaka 1216, Bangladesh 1216. Email : [probashi@italbangla.net](mailto:probashi@italbangla.net)

Tel. +88 0171 5063157 / 0171 1815819 / 0171 4388005



# বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি

## EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH

(প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়ন ও সহযোগিতাই আমাদের লক্ষ্য)

### অনলাইনে আবেদন রেজিস্ট্রেশন ফি:

আমরা লক্ষ্য করেছি ২০১২ সালের শেষ ভাগ হতেই এই অনলাইনে প্রতারণা শুরু হয়েছে।

**VFS GLOBAL** গুলশান ৮ নং রোডে অফিসের খুব কাছে গুলমান **DCCI** মার্কেটে গেলে সেখানে অজ্ঞান ইন্টারনেটের সার্ভিস পয়েন্ট পাওয়া যায়, যাদের কাছে গেলে এই এপয়েন্টমেন্ট অনলাইনে রেজিস্ট্রেশন করে পাতাটি সেভ করে প্রিন্ট করে দিবে। যার জন্য গুণতে হবে দিতে ২০০-৩০০ টাকা। তখন অনলাইনে সহজেই রেজিস্ট্রেশন করে এপয়েন্টমেন্ট পাওয়া যেতে।

২০১৩ সালের শুরুর দিকে এই এপয়েন্টমেন্ট সিস্টেমের একটা নতুন দৃশ্য উদয় হয়। তা হচ্ছে অনলাইনে পাসপোর্ট ও ব্যক্তিগত তথ্য রেজিস্ট্রেশন করার পরে তারিখ নির্ধারণের পাতায় প্রবেশ করলে সেখানে মাসের পর মাস ক্যালেন্ডার চেক করেও আপনি কোন তারিখ খুঁজে পাবেন না। কারণ দৃশ্যতই সেখানে কোন ডেট এভেলেবেল নাই। আপনি বার বার চেস্টা করেও যখন ডেট পাবেন না তখন আপনি আবার VFS Global ইতালী ভিসা প্রসেসিং সেন্টারে যাবেন তখন তারা আপনাকে বলবে আপনি অনলাইনে চেস্টা করুন। আপনি বলবেন যে সিডিউল ক্যালেন্ডারে তো কোন ডেট পাওয়া যায় না। তার উত্তরে বলবে আপনি চেষ্টা করুন পেয়ে যাবেন।

### **কিন্তু আপনি শত চেস্টা করেও অনলাইনে তারিখ খুঁজে পাবেন না।**

উল্লেখিত কাজের ও ট্রেনিং ভিসার সকল পেপারের এর একটি ব্যবহারিক মেয়াদ আছে। ৬ মাসের পরে উক্ত ভিসা পেপারের মেয়াদ উত্তীর্ণ হয়ে যায়। তখন সেটা ব্যবহার যোগ্য থাকে না। আবার নতুন করে সেই পেপার ইতালী হতে আনতে হবে।

এমত অবস্থায় আবেদকারীরা মাসের পর মাস এপয়েন্টমেন্ট না পেয়ে দিক বিদিক জ্ঞান হারিয়ে যে কোন ব্রোকারের কাছে আত্মসমর্পন করতে বাধ্য হবে।

২০১২ সালে শেষের দিকে এই এপয়েন্টমেন্ট ৫-১০ হাজার টাকায় বেচাকেনা শুরু হয়।

২০১৩ সালে শুরুতেই এই এপয়েন্টমেন্ট ১০-২০ হাজার টাকায় উঠে যায়।

২০১৪-২০১৫ সালে বর্তমানে সেই এপয়েন্টমেন্ট পেতে ফ্যামলী ভিসার জন্য নীম্ন ১০.০০০ হতে ২০.০০০ টাকা পরিবারের প্রতি সদস্য জন্য অতিরিক্ত ১০.০০০ টাকা এবং কাজের ভিসার জন্য ৫০.০০০ হতে ১০০.০০০ টাকা পর্জন্ত লেনদেনে হয়।



# বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি

EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH

(প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়ন ও সহযোগিতাই আমাদের লক্ষ্য)

গত ৩ বছরে অন্তত ২০.০০০ বাংলাদেশী নাগরিক ঢাকায় ইতালীয়ান ভিসা প্রসেসিং সেন্টারের মাধ্যমে কাজের ও ফ্যামেলী ভিসা নিয়ে ইতালীতে অভিবাসন করেছে। এর সিংহ ভাগ মানুষ এই চক্রের দ্বারা ভিসা জমা দিতে পরিকল্পিত ভাবে হয়রানী ও প্রতারণার শীকার হয়েছে। এখনো এই দালাল চক্র পুরো উদ্দেশ্যে তাদের প্রতারণামূলক অবৈধ কাজকর্ম চালিয়ে যাচ্ছে।

ইতালীতে অভিবাসন প্রত্যাশী নাগরিকদের পরিকল্পিত ভাবে এই হয়রানী ও সংঘবদ্ধ চক্রের প্রতারণা হতে বাচাতে প্রয়োজনীয় সকল আইনী ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত আবেদন জানাচ্ছি।

উপরে উল্লেখিত অভিযোগের স্বপক্ষে প্রয়োজনীয় সকল সাক্ষ্য প্রমাণ আমাদের কাছে সংরক্ষিত আছে।

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, এই অভিযোগটি ইতালীয়ান ভাষায় ইতিমধ্যে ইতালীর পররাষ্ট্র মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রনালয়ের এশিয়া বিভাগের পরিচালক, বাংলাদেশে ইতালীর রাষ্ট্রদূত, কাউন্সেলর ও ভিসা অফিসার বরাবর ইমেইলে প্রেরণ করা হয়েছে।

প্রবাসী জনগণের কল্যাণে এ বিষয়ে প্রয়োজনীয় যে কোন সহযোগীতা করতে আমরা প্রস্তুত।

বিনীত নিবেদনে।



শাহ মোহাম্মদ তাইফুর রহমান  
নির্বাহী পরিচালক

## অনুলিপি প্রেরণ :

- মাননীয় কেবিনেট সচিব মহোদয়,  
সচিবালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা, বাংলাদেশ।
- প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা  
প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা, বাংলাদেশ।
- মাননীয় মন্ত্রী মহোদয়,  
বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসী কল্যাণ মন্ত্রনালয়  
সচিবালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা, বাংলাদেশ।

Head office : Expatriates Development Society of Bangladesh, Section 6, Block D, Road nr.8 House 13, Mirpur, Dhaka 1216, Bangladesh 1216. Email : [probashi@italbangla.net](mailto:probashi@italbangla.net)

Tel. +88 0171 5063157 / 0171 1815819 / 0171 4388005



# বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি

## EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH

(প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়ন ও সহযোগিতাই আমাদের লক্ষ্য)

- মাননীয় সচিব মহোদয়,  
বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়  
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সচিবালয়, ঢাকা, বাংলাদেশ।
- মাননীয় মন্ত্রী মহোদয়,  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সচিবালয়, ঢাকা, বাংলাদেশ।
- মাননীয় সচিব মহোদয়,  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সচিবালয়, ঢাকা, বাংলাদেশ।
- মাননীয় মন্ত্রী মহোদয়,  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সচিবালয়, ঢাকা, বাংলাদেশ।
- মাননীয় সচিব মহোদয়,  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সচিবালয়, ঢাকা, বাংলাদেশ।